



অর্থনৈতিক সম্পর্ক বিভাগ  
জাতিসংঘ-৭ শাখা

বিষয়ঃ প্রশিক্ষণ/কর্মশালায় দক্ষতা যাচাই, মূল্যায়ন ও ফিডব্যাক সংক্রান্ত সেবা সহজীকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অর্থনৈতিক সম্পর্ক বিভাগে কোভিডকালীন মহামারির সময় থেকে সকল সভা, প্রশিক্ষণ ও কর্মশালা অনলাইন প্লাটফর্মের মাধ্যমে সম্পন্ন হচ্ছে। উক্ত সভা, প্রশিক্ষণ ও কর্মশালার ফিডব্যাক/দক্ষতা যাচাই ও মূল্যায়ন কার্যক্রম গুগল ফর্মের মাধ্যমে এ বিভাগের আইসিটি সেলের সহায়তায় সম্পন্ন করা হচ্ছে। উক্ত ব্যবস্থাতে স্বয়ংক্রিয়ভাবে নম্বর প্রদান করে সটিৎ-এর মাধ্যমে মেধাক্রম নির্ণয় করা সহজ হচ্ছে। ফলে ম্যানুয়াল পরীক্ষা নেওয়া ও উত্তরপত্র মূল্যায়নে মাধ্যমে মেধাক্রম যাচাই করার প্রয়োজন হয় না। এর ফলে সময়, শ্রম, খরচ সাশ্রয় হচ্ছে। এ সংক্রান্ত বিদ্যমান পদ্ধতির সঙ্গে উক্তাবিত পদ্ধতির তুলনামূলক প্রসেস ম্যাপ এতদসঙ্গে সংযুক্ত করা হলো। প্রশিক্ষণ ও কর্মশালায় দক্ষতা যাচাই, মূল্যায়ন ও ফিডব্যাক সংক্রান্ত সহজীকৃত সেবার কারিগরি সহায়তা এ বিভাগের আইসিটি সেল থেকে নেওয়া যাবে।

সংযুক্তি: প্রসেস ম্যাপ।

১৬/০২/২০২২

(মোহাম্মদ সাজিদ মোমেন মজুমদার)  
সিনিয়র সহকারী সচিব

ও

সদস্য-সচিব, ইনোভেশন টিম  
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

*PMSJ*  
*25.02.2022*

অনুলিপি: (জেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। অনুবিভাগ প্রধান (সকল), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ২। চিফ ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ৩। সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ৪। সচিব মহোয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ৫। অফিস কপি।

ইউ. ও. নোট নং-০৯.০০.০০০০.২৫৪.৯৯.০০২.২১-৩৮

তারিখ: ১৩/০২/২০২২ খ্রি

**TCV (Time, Cost & Visit) অনুসারে পূর্বতন ও বাস্তবায়িত পদ্ধতির তুলনা**

	পূর্বতন পদ্ধতি	বাস্তবায়িত পদ্ধতি
সময় (দিন/ঘণ্টা)	১-২ দিন	তাৎক্ষণিক
খরচ (নাগরিক ও অফিসের)	কাগজ, প্রিন্ট ও ফটোকপি খরচ	খরচ নেই
যাতায়াত	উপস্থিত হতে হয়	উপস্থিতির প্রয়োজন নেই
ধাপ	৮	৮
জনবল	অধিক সংখ্যক	অত্যাবশ্যকীয় কর্মকর্তা/ব্যক্তিগত
দাখিলীয় কাগজপত্র	মূল্যায়ন পত্রের হার্ডকপি	কোন হার্ডকপির প্রয়োজন নেই




পূর্বতন সেবা পদ্ধতি বিশ্লেষণ

ধাপ	কার্যক্রম	প্রতি ধাপের সময় (দিন/ঘন্টা/মিনিট)	সম্পৃক্ত ব্যক্তিবর্গ (পদবি)
ধাপ-১	প্রশিক্ষণের নাম আহ্বান	১-৩ কার্যদিবস	সংশ্লিষ্ট অনুবিভাগ, অধিশাখা ও শাখা
ধাপ-২	জিও জারি	১-২ কার্যদিবস	সংশ্লিষ্ট শাখা
ধাপ-৩	প্রশিক্ষণ অনুষ্ঠান	১ কার্যদিবস	সংশ্লিষ্ট শাখা
ধাপ-৪	প্রশ্নপত্র ও উত্তরপত্র প্রদান	১ কার্যদিবস	সংশ্লিষ্ট শাখা
ধাপ-৫	উত্তরপত্র জমা দেয়া/ উত্তরপত্র জমা না দেয়া	১ কার্যদিবস	সংশ্লিষ্ট শাখা
ধাপ-৬	পুনরায় উত্তরপত্র জমাদানের অনুরোধ করা	১ কার্যদিবস	সংশ্লিষ্ট শাখা
ধাপ-৭	উত্তরপত্র মূল্যায়ন করা	৩-৫ কার্যদিবস	সংশ্লিষ্ট শাখা
ধাপ-৮	প্রাপ্ত নম্বর সকলকে জনানো	১ কার্যদিবস	সংশ্লিষ্ট শাখা

তুলনামূলক বিশ্লেষণ (পূর্বতন ও বাস্তবায়িত পদ্ধতির ধাপভিত্তিক তুলনা)


পূর্বতন প্রসেস ম্যাপের ধাপ	পূর্বতন ধাপের বর্ণনা	বাস্তবায়িত প্রসেস ম্যাপের ধাপ	বাস্তবায়িত ধাপের বর্ণনা
ধাপ-১	প্রশিক্ষণের নাম আহ্বান	ধাপ-১	প্রশিক্ষণের নাম আহ্বান
ধাপ-২	জিও জারি	ধাপ-২	জিও জারি
ধাপ-৩	প্রশিক্ষণ অনুষ্ঠান	ধাপ-৩	প্রশিক্ষণ অনুষ্ঠান
ধাপ-৪	প্রশ্নপত্র ও উত্তরপত্র প্রদান	ধাপ-৪	গুগল ফরমস্ এর মাধ্যমে প্রশ্নপত্র প্রদান ও তৎক্ষণিক উত্তরপত্র প্রাপ্তয়া
ধাপ-৫	উত্তরপত্র জমা দেয়া/ উত্তরপত্র জমা না দেয়া		
ধাপ-৬	পুনরায় উত্তরপত্র জমাদানের অনুরোধ করা		
ধাপ-৭	উত্তরপত্র মূল্যায়ন করা		
ধাপ-৮	প্রাপ্ত নম্বর সকলকে জনানো		

## পূর্বতন পদ্ধতির প্রসেস ম্যাপ



—

## বাস্তবায়িত প্রসেস ম্যাপ



A handwritten signature or mark is present in the bottom right corner of the page.